



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2022

বাংলা

তৃতীয় পত্র

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। “কবির কেকারব সেই বর্ষার গান - কান তাহার মাধুর্য জানে না, মনই জানে।” — ‘কেকাধ্বনি’ প্রবন্ধ
অবলম্বনে বক্তব্যটি বুঝিয়ে দাও। ১৫

অথবা

“এইরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক্ মিলনের বাধা ঘটতেছে বলিয়াই আজ যত কিছু উৎপাত জাগিয়া
উঠিতেছে। কাছে থাকিব অথচ মিলিব না, এ অবস্থা মানুষের পক্ষে অসহ্য এবং অনিষ্টকর।” — কোন্
প্রবন্ধের অংশ? কীরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক্ মিলনের বাধা ঘটছে বলে প্রবন্ধকার মনে করেছেন?
এই সম্মিলনের সার্থকতা কোথায় বলে লেখক নির্দেশ করেছেন? ১+৭+৭

- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১ = ৫

(ক) পূর্ব-পশ্চিমের সেতুবন্ধনের কাজে পশ্চিম ভারতের কোন্ মনীষী নিজেকে নিয়োগ করেছিলেন? কীভাবে
তিনি এই কাজ সম্পন্ন করেছিলেন? ১+৪

(খ) ‘দুঁহু কোলে দুঁহু কাঁদে বিচ্ছেদ ভাবিয়া’ — কবিতাংশটি কোন্ প্রবন্ধে ব্যবহৃত? এটি কোন্ পর্যায়ের পদ ও
পদটির রচয়িতা কে? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন? ১+১+১+২

(গ) “যাহা সহজেই মিষ্ট তাহাতে অতি শীঘ্র মনের আলস্য আনে, বেশিক্ষণ মনোযোগ থাকে না।”
— ‘সহজেই মিষ্ট’ বলতে কী বোঝানো হয়েছে? অতি শীঘ্র মনের আলস্য আনয়নের কারণ কী? ২+৩

- ৩। ‘কপালকুণ্ডলা’ কোন্ শ্রেণীর উপন্যাস — তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৫

অথবা

‘কপালকুণ্ডলা’ ও মতিবিবির চারিত্রিক বৈপরীত্য ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে যে বৈচিত্র্য সঞ্চার করেছে, তা
নিজস্ব ভাষায় বুঝিয়ে দাও। ১৫

- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১ = ৫

(ক) “পরশপাথরের স্পর্শে রাস্তাও সোনা হয়।” — বক্তা কে? পরশপাথর কী? উক্তিটির অন্তর্নিহিত অর্থ
বুঝিয়ে দাও। ১+২+২

অথবা

- (খ) “পরের কাষ্ঠাহরণ করা যাহার স্বভাব, সে পুনর্বীর পরের কাষ্ঠাহরণে যাইবে। তুমি অধম - তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?” — এখানে কার স্বভাবের কথা বলা হয়েছে? শেষোক্ত উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪
- ৫। ‘পল্লীসমাজ’ যেন চরিত্রে বহুবৈচিত্র্যের সমাহার। একদিকে মানসিক দৈন্য ও সংকীর্ণতা, হীনতা ও পরশ্রীকাতরতা, অন্যদিকে মানবিক ঔদার্য, প্রসার, আত্মত্যাগ ও স্নেহ-প্রেমের ফল্গুধারা — এই উভয়ধর্মী মানব চরিত্রের সমন্বয় কীভাবে এই উপন্যাসের স্থায়ী সম্পদ হয়েছে বুঝিয়ে দাও। ১৫
- অথবা
- ‘পল্লীসমাজ’ উপন্যাসে ‘রমেশ’ চরিত্র নির্মাণে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১৫
- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “না, অত টাকা লোকসান আমি করতে পারব না।” — কে, কাকে একথা বলেছে? বক্তার মানসিকতার পরিচয় দাও। ১+১+৩
- অথবা
- (খ) “কে গো, বাবাজী কোথায় গো? বলিয়া একটি শীর্ণকায় মুণ্ডিতশ্মশ্রু প্রাচীন ব্রাহ্মণ প্রবেশ করিল।” — ‘বাবাজী’ বলতে কাকে বোঝানো হয়েছে? শীর্ণকায় ব্রাহ্মণটি কে এবং তাঁর প্রবেশের কারণ কী? ১+১+৩
- ৭। ট্র্যাজেডি হিসেবে ‘রাজা ও রাণী’ নাটকের সার্থকতা বিচার করো। ১৫
- অথবা
- ‘রাজা ও রাণী’ নাটকে জনতা চরিত্রের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো এবং এ ধরনের চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করো। ৯+৬
- ৮। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “ভুলেছি মহিমাশুবক, শিখেছি গাহিতে নারীর মহিমা।” — কথাটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছে? ১+১+৩
- (খ) “বিষুৎক্রমে ছিন্ন মৃত সতীদেহ সম।” — কে, কোন্ প্রসঙ্গে এই উপমা দিয়েছেন? উপমাটি বুঝিয়ে দাও। ৩+২
- ৯। “ব্রজরানীর চোখ দিয়া ঝর ঝর করিয়া জল ঝরিয়া পড়িল। করুণায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে।” ১৫
- এই মন্তব্যের আলায়ে ব্রজরানী চরিত্রের উদ্ভাসিত মহিমার দিকটি বিশ্লেষণ করো।
- অথবা
- নরেন্দ্রনাথ মিত্রের ‘চড়াই-উৎরাই’ গল্পটি বিশ্লেষণ করে এর নামকরণ কতদূর যথার্থ হয়েছে — আলোচনা করো। ১৫
- ১০। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “খালি জন্মো দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়।” ২+৩
- কোন্ প্রসঙ্গে, কার উক্তি? উক্তিটিতে বক্তার কিরূপ মানসিকতার প্রকাশ ঘটেছে?

(খ) “ক্ষৈস্তিকে কি অপরে ঠিক বুঝিবে ?”

২+৩

— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) “একসেলেন্ট আইডিয়া! বহুত আচ্ছা ব্রাদার আমার রে!”

১+১+১+২

— কে, কাকে এই কথাটি বলেছিল ? বক্তার ‘আইডিয়া’টি কী ছিল ? সেই ‘আইডিয়া’-র পরিণতিটি কী হয় ?

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—